যুক্তরাষ্ট্রে ১০ জনের বেশি একসঙ্গে সমবেত না হওয়ার পরামর্শ ট্রাম্পের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেশটির জনগণকে আগামী ১৫ দিন পর্যন্ত একসঙ্গে ১০ জনের বেশি এক স্থানে সমবেত না হওয়ার আহ্বান জানিয়েছেন।

স্থানীয় সময় সোমবার বিকালে ট্রাম্প সংবাদ সম্মেলনে এ আহ্বান জানান। এ সময় তিনি বলেন, করোনাভাইরাসের কারণে আমেরিকার ৫০ অঙ্গরাজ্যে যে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে তা আগামী গ্রীষ্মের শেষ নাগাদ বা তার চেয়েও বেশি সময় ধরে স্থায়ী হতে পারে। খবর বিবিসি ও রয়টার্সের।

করোনাভাইরাস মোকাবেলায় গঠিত জাতীয় কমিটির সদস্যদের সঙ্গে নিয়ে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন মার্কিন প্রেসিডেন্ট।

ট্রাম্প বলেন, আমরা অদৃশ্য এক শত্রুর বিরুদ্ধে কাজ করছি, যা দ্রুত ছড়িয়ে পড়ছে। বিশেষজ্ঞরা আগামী জুলাই বা আগস্ট নাগাদ এই ভাইরাসের প্রকোপ শেষ হবে বলে ধারণা করলেও জরুরি অবস্থা আরও বেশি সময় ধরে স্থায়ী হতে পারে।

ইউরোপীয় দেশগুলোর মতো গোটা আমেরিকাকে কোয়ারেন্টাইন করার বা কানাডার সঙ্গে এখনই সীমান্ত বন্ধ করে দেয়ার পরিকল্পনা নেয়া হয়নি বলে জানান মার্কিন প্রেসিডেন্ট।

তবে যুক্তরাষ্ট্রের যেসব এলাকায় করোনাভাইরাসের প্রকোপ বেশি সেসব এলাকায় যাতায়াত নিষিদ্ধ করা হতে পারে বলে তিনি জানান।

যুক্তরাষ্ট্রে সোমবার পর্যন্ত ৪ হাজার ১০০ মানুষ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন এবং এখন পর্যন্ত ৭১ জন কোভিড-১৯ রোগের আক্রান্ত হয়ে প্রাণ হারিয়েছেন।

এদিকে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ তার দেশে জাতীয় কোয়ারেন্টাইন ঘোষণা করেছেন, কানাডা তার সব সীমান্ত বন্ধ করে দিয়েছে এবং সুইজারল্যান্ড সরকার করোনাভাইরাস মোকাবেলার উদ্দেশ্যে সেনাবাহিনী তলব করেছে।

এদিকে ইতালিতে ভয়াবহভাবে ছড়িয়ে পড়েছে করোনাভাইরাস। গত ২৪ ঘণ্টা ইউরোপের এ দেশটিতে মারা গেছে ৩৪৯ জন। এর একদিন আগে মারা যায় রেকর্ডসংখ্যক ৩৬৮ জন। সব মিলিয়ে ইতালি যেন এখন একটি মৃত্যুপুরী।

সুত্র-যুগান্তর

সৌদিতে সরকারি অফিস-আদালত বন্ধ

করোনাভাইরাসের প্রাদুর্ভাব রুখতে এবার সরকারি অফিস আদালত বন্ধের সিদ্ধান্ত নিয়েছে সৌদি আরব। সোমবার থেকে আগামী ১৬ দিনের জন্য দেশটির অধিকাংশ সরকারি অফিস বন্ধ থাকবে।

সৌদি স্বরাষ্ট্রমন্ত্রণালয় এক জরুরি নির্দেশনায় বলা হয়, স্বাস্থ্য, নিরাপত্তা, ইলেক্ট্রনিক সিকিউরিটি ডিপার্টমেন্ট ও ডিস্টেন্স লার্নিং ডিপার্টমেন্ট ছাড়া সব ধরনের সরকারি অফিস ১৬মার্চ থেকে আগামী ১৬ দিনের জন্য বন্ধ থাকবে।

প্রাইভেট সেক্টর তাদের কর্মীদের কর্মস্থলে না নিয়ে ঘরে বসে অনলাইনে কাজ করানোর বিষয়ে জোর দেয়ারও নির্দেশনা দেয়া হয়েছে। খবর আরব নিউজের।

সৌদি বিচার মন্ত্রণালয় জানিয়েছে যে, দেশের সব আদালতে সব ধরনের শুনানি কার্যক্রম ১৬ মার্চ থেক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ থাকবে। স্থগিত হওয়া শুনানিগুলোর পরবর্তী তারিখ জানিয়ে দেয়া হবে। তবে এসময় আদালতের অন্যান্য ইলেক্ট্রনিক সেবা চলমান থাকবে।

করোনাভাইরাসের প্রাদুর্ভাব রুখতে প্রথম থেকেই সতর্ক অবস্থানে রয়েছে মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরব।

দেশটিতে করোনা রোগী শনাক্তের পর ওমরাহ ভিসা বন্ধ করা হয়। এর পর সব দেশের সঙ্গে আন্তর্জাতিক ফ্লাইটও বাতিল করে দেশটি।

এছাড়া করোনা এড়াতে সব ধরনের শপিংমলও বন্ধের ঘোষণা দিয়েছে সৌদি আরব।

শনিবার পর্যন্ত পাওয়া খবরে দেশটিতে করোনা রোগীর সংখ্যা ১১৮ জন। নতুন আক্রান্তের সংখ্যা ১৫। আক্রান্তদের সবাইকে বর্তমানে কোয়ারেন্টাইনে নিয়ে চিকিৎসা দেয়া হচ্ছে। ঝুঁকিতে থাকা এলাকা ও নাগরিকদের কড়া নজরদারিতে রাখা হয়েছে।

এরপরও করোনার বিস্তার ঠেকাতে সব ধরনের শপিংমল বন্ধের ঘোষণা করা হয়েছে। তবে শপিংমল বন্ধের নির্দেশ দিলেও খাবারের দোকান, সুপারশপ ও ফার্মেসিগুলো খোলা থাকবে।

সুত্র-যুগান্তর

মানবদেহে করোনার ভ্যাকসিনের পরীক্ষা শুরু

যুক্তরাষ্ট্রে প্রাণঘাতী করোনাভাইরাসের ভ্যাকসিনের পরীক্ষা শুরু হচ্ছে আজ। দেশটির ‘দ্য ন্যাশনাল ইনস্টিটিউটস অব হেলথ’র অর্থায়নে মানবদেহে এই ভ্যাকসিনের পরীক্ষা চালানো হবে।

সোমবার দেশটির ওয়াশিংটন রাজ্যের সিয়াটল শহরের কেইসার পার্মান্যান্ট রিসার্চ সেন্টারে এই ভ্যাকসিন পরীক্ষার কার্যক্রম চালানোর কথা রয়েছে বলে বার্তা সংস্থা এপি জানিয়েছে।

খবরে বলা হয়েছে, করোনার ভ্যাকসিনের পরীক্ষা কার্যক্রমে অংশ নিচ্ছে অন্তত ৪৫ স্বেচ্ছাসেবী। তাদের শরীরেই এই ভ্যাকসিন পরীক্ষা করা হবে।

মার্কিন স্বাস্থ্য কর্মকর্তারা জানিয়েছেন, এই ভ্যাকসিন বাজারে আসতে এক থেকে দেড় বছর সময় লাগতে পারে। তবে কিছু গবেষক বলছেন, ভ্যাকসিন হাতের নাগালে চলে আসতে সময় কিছুটা কম লাগতে পারে।

জন হপকিনস হসপিটালের প্যাথলজি বিভাগের চিকিৎসক রবার্ট কুসে বলেন,

আমি অত্যন্ত আশাবাদী ও ইতিবাচক ভাবনার ভেতরে আছি। তবে বিশেষ করে বয়স্ক ও যারা অসুস্থ আছে, তাদের নিয়ে একটু শঙ্কায় আছি।

যুক্তরাষ্ট্রে প্রতিদিনই লাফিয়ে লাফিয়ে বাড়ছে করোনা আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। দেশটির ৪৯ রাজ্যে ছড়িয়ে পড়েছে মারণ এই ভাইরাস। ভাইরাসটিতে আক্রান্ত হয়েছেন তিন হাজার ২৪৪ জন। এর মধ্যে মারা গেছেন ৬১ জন।

এভাবে বাড়তে থাকলে দেশজুড়ে ৭-১৫ কোটি মানুষ করোনার মহামারীতে আক্রান্ত হতে পারে বলে মনে করছেন দেশটির শীর্ষ বিশেষজ্ঞ চিকিৎসকরা।

সুত্র-যুগান্তর

ইতালিফেরত ছেলেকে স্পর্শ করে মৃত্যু হলো মায়ের!

ভারতের দিল্লিতে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে যে নারীর মৃত্যু হয়েছে, তার দেহে ভাইরাসের সংক্রমণ ঘটেছিল ইতালিফেরত সন্তানের মাধ্যমে।

৬৮ বছর বয়সী এই নারী গত শুক্রবার মারা যান বলে জানিয়েছে টাইমস অব ইন্ডিয়া।

এ ছাড়া ভারতের কর্নাটকে আরও একজনের মৃত্যু হয়েছে। করোনায় এখন পর্যন্ত ভারতে ১০০ জন আক্রান্ত হয়েছে।

ভারতের স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, ৬৮ বছর বয়সী এ নারী পশ্চিম দিল্লির বাসিন্দা। তার মৃত্যুর কারণ ডায়াবেটিস ও হাইপারটেনশন। তিনি করোনাভাইরাসে আক্রান্ত ছিলেন।

ওই নারী নিজে বিদেশে না গেলেও তার ছেলে সম্প্রতি ইতালি ও সুইজারল্যান্ড ঘুরে দেশে ফিরেছিলেন। পরে তার দেহে নভেল করোনাভাইরাস ধরা পড়ে, যা থেকে মায়ের দেহেও ছড়ায়।

টাইমস অব ইন্ডিয়া জানিয়েছে, গত ৫ থেকে ২২ ফেব্রুয়ারির মধ্যে ইতালি ও সুইজারল্যান্ড ভ্রমণ করেছিলেন ওই নারীর ছেলে।

২৩ ফেব্রুয়ারি দেশে ফেরার পর কয়েক দিন পর তার জ্বর আসে, সঙ্গে কাশিও ছিল। গত ৭ মার্চ তাকে হাসপাতালে ভর্তি করা হয়। ছেলের পর মায়েরও জ্বর এলে তাকেও ভর্তি করা হয় হাসপাতালে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক কর্মকর্তা বলেন, ওই নারীর ডায়াবেটিস ও হাইপারটেনশন ছিল। ইনফ্লুয়েঞ্জা হওয়ার পর ৯ মার্চ তার অবস্থার অবনতি ঘটে, তখন তাকে আইসিইউতে নেয়া হয়।

দিল্লির রাজ্যসরকার জানিয়েছে, ওই নারীর মৃত্যুর পর তাদের বাড়ির আশপাশের অন্তত ৫০টি ঘরের বাসিন্দাদের এখন পর্যবেক্ষণে রাখা হয়েছে।

সুত্র-যুগান্তর

করোনা চিকিৎসায় সাফল্য দিচ্ছে এন্টিভাইরাস ওষুধ ‘রেমডেসিভির’

বাজারে প্রচলিত এন্টিভাইরাস ওষুধ ‘রেমডেসিভির’ করোনা চিকিৎসায় সাফল্য দিচ্ছে পরীক্ষাগারে চলছে করোনাভাইরাস নিয়ে গবেষণা সম্প্রতি যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্ত রোগীদের ওপর একটি ওষুধ পরীক্ষামূলকভাবে প্রয়োগ করা হয়। এই ওষুধটি তাদের জীবন বাঁচাতে সহায়তা করেছে বলে জানিয়েছেন দেশটির দুই শীর্ষ চিকিৎসক।

ওই ওষুধটি পরীক্ষামূলকভাবে রোগীদের ওপর প্রয়োগ করেছে একটি বিশেষজ্ঞ দল। এই দলটির একজন সদস্য হলেন ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের ডেভিস মেডিকেল সেন্টারের সংক্রামক রোগ বিশেষজ্ঞ জর্জ থম্পসন।

জানা গেছে, ২৬ ফেব্রুয়ারি করোনাভাইরাসে পজিটিভ ধরা পড়েছে এমন একজন নারীর ওপর ওষুধটি প্রয়োগ করা হয়।
থম্পসন শুক্রবার সায়েন্স ম্যাগাজিনকে এ বিষয়ে বলেন, আমরা

ভেবেছিলাম আক্রান্তরা মারা যাবেন।

তিনি জানান, ওই নারীকে হাসপাতালে ভর্তি করার ৩৬ ঘন্টা পর ডাক্তাররা তাকে ‘রেমডেসিভির’ নামের ওষুধ দিয়ে চিকিত্সা করার সিদ্ধান্ত নেন। ওষুধটি আন্তঃনালী ড্রিপের মাধ্যমে প্রয়োগ করা হয়। এটি ‘আরএনএ পলিমেরেজ’ নামক একটি এনজাইমের কার্যকারিতা বন্ধ করে দেয়।

সে সময় রোগীর অবস্থা আশঙ্কাজনক ছিল। এ কারণে চিকিত্সকরা ক্লিনিক্যাল ট্রায়ালের বাইরে পুনরায় পরীক্ষা করার জন্য এফডিএ-এর কাছ থেকে অনুমতি সংগ্রহ করে। এক দিনের মধ্যেই ওই নারী অবস্থার উন্নতি হতে শুরু করে।

ওই রোগীকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে কিনা তা প্রকাশ করেননি থমসন। গোপনীয়তার রক্ষার্থে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে থমসন জানান যে, তিনি ‘ভালো আছেন।’

একইভাবে ‘রেমডেসিভির’ নামের ওষুধটি ১৪ মার্কিনিকে সুস্থ হতে সহায়তা করেছে। এই মার্কিনিরা ডায়মন্ড প্রিন্সেস ক্রুজ জাহাজে ভ্রমণের সময় তাদের দেহে করোনভাইরাস ধরা পড়ে।

যুক্তরাষ্ট্রের জাতীয় স্বাস্থ্য ইনস্টিটিউটসের সহকারী সার্জন জেনারেল এবং ফুসফুস বিশেষজ্ঞ রিচার্ড চাইল্ডস শুক্রবার ওয়াল স্ট্রিট জার্নালকে জানিয়েছেন, জাপানের একটি হাসপাতালে পরীক্ষামূলকভাবে ওষুধটি দিয়ে রোগীদের চিকিত্সা করা হয়েছিল।

তিনি জানান, এর মধ্যে বেশিরভাগ রোগীরই অল্প সময়ের মধ্যেই মারা যাওয়ার সম্ভাবনা ছিল। কিন্তু দু’সপ্তাহ পরেও কেউ মারা যাননি। তাদের অর্ধেকেরও বেশি সুস্থ হয়ে উঠেছে। এটা আশ্চর্যজনক বিষয় ছিল।

তবে, উভয় চিকিত্সক স্বীকার করেছেন যে ‘রেমডেসিভির’-এর ক্ষেত্রে আরও পরীক্ষা করা দরকার।

থম্পসন বলেছেন, ওষুধটি নির্দিষ্ট কিছু রোগীদের মধ্যে লিভারের বিষাক্ততা সৃষ্টি করতে পারে।

তিনি জানান, অন্যান্য সংস্থাও পরীক্ষামূলকভাবে ওষুধ নিয়ে এগিয়ে আসছে, যা কার্যকর হতে পারে।

সূত্র :কালের কণ্ঠ

সম্পর্ক ছিন্ন করায় ক্যানসার আক্রান্ত প্রেমিকাকে কোপাল যুবক!

স্তনক্যানসারে আক্রান্ত হওয়ার পর ভালোবাসার মানুষের সঙ্গে যোগাযোগ বন্ধ করে দেন তরুণী। প্রেমিক ফোন করলেও ধরেন না। আর এতে ক্ষিপ্ত হয়ে ওই তরুণীকে কুপিয়ে আহত করেছে তার এক সময়ের ঘনিষ্ট বন্ধু।

শুক্রবার ঘটনাটি ঘটেছে ভারতের পশ্চিমবঙ্গের পঞ্চসায়র থানা এলাকার শহীদ স্মৃতি কলোনিতে।

আহত ওই তরুণীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আর অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ।

পুলিশের বরাত দিয়ে আনন্দবাজার পত্রিকা জানিয়েছে, ওই তরুণীর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক ছিল অশোক দাসের। গত কয়েক মাস ধরে অশোকের সঙ্গে যোগাযোগ রাখছিলেন না তিনি।

সম্পর্ক শেষ বুঝে ডিসেম্বরে অন্য এক নারীকে বিয়ে করেন অশোক। বিয়ের পরও ওই তরুণীর সঙ্গে যোগাযোগ রাখতে চাইত। কিন্তু তরুণী তার সঙ্গে যোগাযোগ না রাখায় গত কয়েক দিনে সে একাধিক বার তার বাড়িতে যায়।

ঘটনার দিনও তেমনই গিয়েছিলেন অশোক। সেই সময়ে তরুণীর বাড়িতে কেউ ছিলেন না। ওই সময় তরুণীকে কুপিয়ে রক্তাক্ত করেন তিনি।

রক্তাক্ত অবস্থায় ওই তরুণীর পাশেই বসে ছিলেন তিনি। কিছু দূরে পড়ে ছিল রক্তমাখা একটি ছুরি।

ওই তরুণীর এক আত্মীয় জানিয়েছেন, তিন দাদা এবং বৃদ্ধা মায়ের সঙ্গে থাকেন তরুণী। তার একমাত্র বোনের বিয়ে হয়েছে। অশোকের সঙ্গে ওই তরুণীর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল।

তবে কয়েক মাস আগে তা ভেঙে যায়। স্তন ক্যানসারসহ নানা রোগ ছিল তার। এজন্য গত কয়েক মাস ধরে অশোকের সঙ্গে যোগাযোগ রাখছিলেন না তিনি।

তরুণীর মায়ের দাবি, তার মেয়েকে অশোক উত্ত্যক্ত করছে জানিয়ে তিনি মাস দেড়েক আগে থানায় অভিযোগও জানিয়েছিলেন। হাসপাতাল সূত্রের খবর, তরুণীর শরীরের ১২টি জায়গায় ছুরির আঘাত রয়েছে। শরীরের পিছনে ডান দিকে একটি আঘাত সবচেয়ে গুরুতর।

কুয়েতে করোনাভাইরাস ঠেকাতে দুই সপ্তাহ ছুটি ঘোষণা

করোনাভাইরাস সংক্রমণের আশঙ্কায় কুয়েতে দুই সপ্তাহ ছুটি ঘোষণা করা হয়েছে। আজ বৃহস্পতিবার থেকে এ ছুটি কার্যকর করা হচ্ছে।

কুয়েত মন্ত্রিপরিষদের মুখপাত্র তারেক আল-মজিরেম জানান, বুধবার সন্ধ্যায় সরকার ওই সিদ্ধান্তের কথা জানিয়েছে।

এ ছাড়া করোনাভাইরাস প্রতিরোধে এ সময় আরও সিদ্ধান্তের কথাও ঘোষণা করা হয়। খবর আরব টাইমসে।

দেশটির মন্ত্রিপরিষদের নেয়া অন্য সিদ্ধান্তগুলো হলো- পাবলিক ও প্রাইভেট সেক্টরে ১২-২৬ মার্চ পর্যন্ত ছুটি থাকবে।

পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কুয়েতের সব বাণিজ্যিক ফ্লাইট স্থগিত থাকবে। সংক্রমণ এড়াতে সব ধরনের সভা-সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে।

রেস্তোরাঁ, ক্যাফে, হল, শপিং সেন্টার, প্রাইভেট হেলথ ইনস্টিটিউট বন্ধ থাকবে। ব্যাংকগুলো ১২-২৯ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে (এটিএম বুথ উন্মুক্ত থাকবে)।

এমন সিদ্ধান্ত জানানোর পর থেকেই কুয়েতের বিভিন্ন সুপারমার্কেটে উপচেপড়া ভিড় লক্ষ করা যায়। ভিডিও ফুটেজে দেখা যায়, লাইন ধরে

সুপারমার্কেটগুলোতে কেনাকাটা করছেন শত শত মানুষ। শুকনো খাবারসহ ছুটির সময়ের জন্য নানা প্রয়োজনীয় পণ্যসামগ্রী কিনে রাখছেন তারা।

এরই মধ্যে কুয়েতে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ৭২ জনে দাঁড়িয়েছে। এর মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক। তবে সেখানে করোনায় আক্রান্ত হয়ে এখন পর্যন্ত কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি।

এ ছাড়া দেশটিতে এ ভাইরাসে আক্রান্ত হওয়ার পর দুজন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

এদিকে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বিশ্বে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে চার হাজার ৬৩৩ জনে। শেষ খবর পাওয়া পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা এক লাখ ২৬ হাজার ৫৪৯ জন বলে জানা গেছে।

সুত্র-যুগান্তর

এস-৪০০ সক্রিয় না করার শর্তে প্যাট্রিয়ট দিতে চাচ্ছে যুক্তরাষ্ট্র: এরদোগান

রুশ ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা না চালানোর প্রতিশ্রুতির শর্তে তুরস্ককে নিজেদের প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্রব্যবস্থা হস্তান্তরের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র। তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান এমন তথ্য দিয়েছেন।

এতে ন্যাটো মিত্রের প্রতি ওয়াশিংটনের কঠোর অবস্থান উল্লেখযোগ্য শিথিল হওয়ারই আভাস দিচ্ছে।- খবর রয়টার্সের

তুরস্কের দুই কর্মকর্তা বার্তা সংস্থা রয়টার্সকে বলেন, মার্কিন প্রস্তাব বিবেচনাধীন রেখেছে তুরস্ক। কিন্তু এস-৪০০ পরিকল্পনা থেকে সরে আসেনি আঙ্কারা। আগামী মাসে এই ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা সক্রিয় করার কথা রয়েছে।

মার্কিন প্রতিরক্ষা দফতর পেন্টাগন বলছে, এই ইস্যুতে নিজের অবস্থান বদল করেননি মার্কিন প্রতিরক্ষামন্ত্রী মার্ক এসপার। তুরস্ক এস-৪০০ থেকে সরে না এলে প্যাট্রিয়ট ব্যাটারি পাবে না বলে তিনি জানিয়েছেন।

আঙ্কারা গত বছর এস-৪০০ ক্রয় শুরু করলে যুক্তরাষ্ট্রের সঙ্গে মতভিন্নতা দেখা দেয়। ওয়াশিংটন বলছে, এই ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা ন্যাটো আকাশ প্রতিরক্ষাব্যবস্থার সঙ্গে বেমানান।

চলতি বছরে ইদলিব অঞ্চলে ব্যাপক লড়াইয়ের পর ওয়াশিংটনকে তুর্কি সীমান্তে প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র মোতায়েন করতে বলেছে আঙ্কারা। কিন্তু ওয়াশিংটন বলছে, তারা এস-৪০০ ও প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষাব্যবস্থা একসঙ্গে পেতে পারে না।

ব্রাসেলস থেকে ফেরার পর সাংবাদিকদের এরদোগান বলেন, তুরস্কে প্যাট্রিয়ট বসাতে ওয়াশিংটনকে বলা হয়েছে। যুক্তরাষ্ট্র থেকে তারা এই আকাশ প্রতিরক্ষা কিনতে প্রস্তুত রয়েছে।

তিনি আরও বলেন, প্যাট্রিয়টের জন্য আমরা ওয়াশিংটনকে প্রস্তাব দিয়েছি। যদি তারা আমাদের সেটি দিতে চায়, তবে দিতে পারে। আমরা যুক্তরাষ্ট্রের কাছ থেকে প্যাট্রিয়টও কিনতে পারি।

‘এস-৪০০ নিয়ে তাদের অবস্থানও আগের তুলনায় নরম হয়েছে। এখন তারা এস-৪০০ সক্রিয় না করতে প্রতিশ্রুতি চাচ্ছে,’ বললেন তুর্কি নেতা।

সুত্র-যুগান্তর

জুনের আগে যাবে না করোনা

বিশ্বজুড়ে প্রতিদিনই বাড়ছে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা। বাড়ছে মৃত্যুর মিছিল। ভয়াবহ এ পরিস্থিতির মধ্যে ভাইরাসের প্রকোপ জুন মাসের আগে কমবে না বলে এক পূর্বাভাসে দাবি করেছেন চীনা এক চিকিৎসক।

শিগগিরই করোনার প্রকোপ কমার কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছেন চীনের অন্যতম রোগ বিশেষজ্ঞ ঝং নানশান। অর্থাৎ আরও তিন মাস বিশ্বজুড়ে তাণ্ডব চালাবে করোনাভাইরাস।

২০০২-২০০৩ সালের সার্স (সিভিয়ার অ্যাকিউট রেসপিরেটরি সিন্ড্রোম) ভাইরাসের আবিষ্কারক তিনি। রোববার চীনা গণমাধ্যম গুয়াংডং টেলিভশনকে এ বিজ্ঞানী জানিয়েছেন, অন্তত আগামী জুন পর্যন্ত করোনাভাইরাসের সংক্রমণ চলবে। খবর সাউথ চায়না মর্নিং পোস্টের।

ঝং নানশানের মতে, চীনের এখন করোনা সংক্রমণ প্রতিরোধের চেয়ে বিদেশ থেকে ভাইরাস আক্রান্তদের প্রবেশ বন্ধ করায় বেশি গুরুত্ব দেয়া উচিত। বিশেষ করে দেশটির অন্যতম প্রধান ভ্রমণকেন্দ্র গুয়াংডং প্রদেশে বেশি কড়াকড়ি আরোপ করা দরকার।

তিনি আরও বলেন, সীমান্তে স্বাস্থ্য পরীক্ষা জোরদার এবং বিদেশের ভাইরাস সংক্রমিত অঞ্চল ভ্রমণকারীদের জন্য কোয়ারেন্টিন নীতিনির্ধারণ করা উচিত।

এছাড়া গুয়াংডংয়ের মতো বেশি সংক্রমিত অঞ্চলগুলোতে ভাইরাস প্রতিরোধের সরঞ্জাম, পরীক্ষার উপকরণ, চিকিৎসা সহায়তা পাঠানো যেতে পারে।

গত ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহানে প্রথম নভেল করোনাভাইরাস ধরা পড়ে। এরপর দ্রুতই তা বিশ্বজুড়ে ছড়িয়ে পড়ে। অন্তত ১০৯ দেশে করোনা ছড়িয়ে পড়েছে।

ভাইরাসটির উৎস চীনে এ পর্যন্ত ৩ হাজার ১২০ জন প্রাণ হারিয়েছেন, আক্রান্ত হয়েছেন অন্তত ৮১ হাজার। এছাড়া দেশটিতে ভাইরাস আক্রান্তদের মধ্যে সুস্থ হয়ে বাসায় ফিরেছেন ৫৮ হাজার ৬৭৭ জন।

এদিকে, উত্তর কোরিয়া ছেড়েছেন কোয়ারেন্টিনে থাকা ৮০ বিদেশি নাগরিক। তারা কয়েক সপ্তাহ ধরে রাজধানী পিয়ংইয়ংয়ে কোয়ারেন্টিনে ছিলেন। অবশেষে দীর্ঘদিন ধরে এ বন্দিদশা থেকে মুক্ত হয়ে দেশে যাচ্ছেন তারা।

এনকে নিউজ জানায়, সোমবার সকালে রাশিয়ার পূর্বাঞ্চলীয় একটি শহরে ফ্লাইট কেওআর-২৭১ বিমানটি অবতরণ করেছে। উত্তর কোরিয়া ছেড়ে অন্য দেশে পাড়ি দেয়া এটাই প্রথম বাণিজ্যিক ফ্লাইট।

এর মধ্যে দূতাবাসের বেশ কয়েকজন কর্মীও রয়েছেন। উত্তর কোরিয়ায়

রাশিয়ার দূতাবাস ফেসবুক পোস্টে জানায়, দেশের পথে পাড়ি জমানোদের মধ্যে জার্মানি, ফ্রান্স, সুইজারল্যান্ড, পোল্যান্ড, রোমানিয়া, মঙ্গোলিয়া ও মিসরের কূটনীতিকরাও রয়েছেন।

করোনার ভয় এখন ভারতেও। মুখে যতই স্বস্তির বার্তা দিক দেশটির কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়, আতঙ্কের রেশ কাটছে না কিছুতেই। সরকারি সূত্র বলছে, ভারতে ভাইরাস আক্রান্তের সংখ্যা ৪৩।

রোগীদের চিকিৎসায় যেন গাফিলতি না হয় সেজন্য ভারতের ৩৭টি জায়গায় ৫,৪৪০ বেডের কোয়ারেন্টিন সেন্টার বানানোর জন্য সিএপিএফকে (সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স) নির্দেশ দিয়েছে দিল্লি।

হরিয়ানায় চারশ’ বেডের কোয়ারেন্টিন সেন্টার আগেই খোলা হয়েছিল। উহান ও মালদ্বীপ থেকে ফিরিয়ে আনা ছয়শ’রও বেশি ভারতীয়কে সেখানেই কোয়ারেন্টিন করে রাখা হয়।

গত সপ্তাহে তাদের মধ্যে আড়াইশ’ জনকে বাড়ি ফেরার অনুমতি দেয়া হয়েছে। আইটিবিপির সেনা ক্যাম্পেও তৈরি হয়েছে আইসোলেশন ওয়ার্ড। চীন, নেপাল, সৌদি আরব, ইতালি ফেরত অনেক পর্যটককেই রাখা হয়েছে সেখানে।

সোমবার দিল্লি, কেরালা, উত্তরপ্রদেশ এবং জম্মু-কাশ্মীরেও নতুন সংক্রমিতের খোঁজ মিলেছে। ভাইরাসের সংক্রমণ থেকে রেহাই পায়নি তিন বছরের শিশুও। সংক্রমণ সন্দেহে ভারতজুড়েই হাসপাতাল-নার্সিং হোমে স্বাস্থ্য পরীক্ষা করানোর হিড়িক পড়ে গেছে।

সরকারি সূত্রে খবর, হাসপাতালগুলোর উপর থেকে চাপ কমাতেই দেশের নানা জায়গায় এই বিশাল কোয়ারেন্টিন সেন্টার তৈরি করা হবে।

তাছাড়াও সেন্টার রিজার্ভ পুলিশ ফোর্স, বর্ডার সিকিউরিটি ফোর্স, সিআইএসএফ (সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স), ইন্দো- টিবেটান বর্ডার পুলিশ, সশস্ত্র সীমা বল ও এনএসজিকে (ন্যাশনাল সিকিউরিটি গার্ড) দেশের সীমান্তবর্তী এলাকাগুলোতে ৭৫টি আইসোলেশন ওয়ার্ড তৈরির নির্দেশ দেয়া হয়েছে।

সুত্র-যুগান্তর

প্রবাসীদের নিয়ে আজহারীর ফেসবুক স্ট্যাটাস ভাইরাল

মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুর আমপাং পার্কের উইসমা এমসিএ কনভেনশন সেন্টারে গত রোববার এক তাফসির মাহফিলের আয়োজন করা হয়।

মালয়েশিয়া প্রবাসী কমিউনিটি আয়োজিত ওই মাহফিলে প্রধান অতিথি ছিলেন বর্তমান সময়ের আলোচিত ইসলামী বক্তা মিজানুর রহমান আজহারী।

মাহফিলের একদিন পর গতকাল সোমবার মালয়েশিয়ায় অবস্থানরত বাংলাদেশি প্রবাসীদের নিয়ে ফেসবুকে একটি স্ট্যাটাস দিয়েছেন আজহারী।

নিজের ভেরিফায়েড পেজে দেয়া ওই স্ট্যাটাসটি এরই মধ্যে ভাইরাল।

প্রবাসীদের নিয়ে আজহারীর স্ট্যাটাসটি হুবহু তুলে দেয়া হলো- ‘আলহামদুলিল্লাহ…

মালয়েশিয়া প্রবাসী কমিউনিটির আয়োজনে গতকাল (রোববার) কুয়ালালামপুরের উইসমা এমসিএ কনভেনশন হলে মালয়েশিয়া প্রবাসীদের নিয়ে আমরা কোরআনুল কারিম থেকে তাফসির শুনেছি। প্রবাসে শুদ্ধ জীবন গঠনের লক্ষ্যে তাফসিরুল কোরআন মাহফিলগুলো আল্লাহতায়ালার পক্ষ থেকে এক বিশেষ নেয়ামত।

পরিবার-পরিজনহীন এ প্রবাস জীবনে কোরআনকে আমরা বন্ধু বানাতে চাই, নিত্যসঙ্গী করে কাছে রাখতে চাই, কোরআনের প্রকৃত শিক্ষাকে ধারণ করতে চাই এবং কোরআনময় করে রাখতে চাই আমাদের কমিউনিটির সকল তৎপরতা। ওয়া বিল্লাহিত্তাওফিক ওয়াল ইতমাম।

দিনরাত অক্লান্ত পরিশ্রম করে যারা এ প্রোগ্রামটি সার্থক করেছেন, তাদের আল্লাহতায়ালা কবুল করুন। ম্যানেজমেন্ট, সিকিউরিটি ও ডিসিপ্লিন টিমের সবার জন্য রইল আন্তরিক দোয়া ও ভালোবাসা।

হলরূমের ধারণক্ষমতার কয়েকগুণ বেশি শ্রোতা চলে আসায় সবাইকে একমোডেট করা সম্ভব হয়নি। ফলে অনেক ভাইকে ফিরে চলে যেতে হয়েছে। আল্লাহতায়ালা তাদেরও উত্তম বিনিময় দান করুক।

প্রবাসীদের মাঝে ছড়িয়ে পড়ুক কোরআনের আলো। সুখী, সমৃদ্ধ ও আলোকিত জীবনের অধিকারী হোক আমাদের প্রতিটি রেমিট্যান্স ফাইটারের সংগ্রামী জীবন।’

সুত্র-যুগান্তর